দৈনিক খবর

02 JAN-1991

8-3

267

# শিক্ষা উপদেষ্টা সকাশে চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (চাকসু) এবং সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ সোমবার অস্থায়ী রাষ্ট্রপতির শিক্ষা উপদেষ্টা প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকীর সাথে সাক্ষাৎ করেন।

চাকসু ও সর্বদলীয় ছাত্র ঐক্য নেতৃবৃন্দ শিক্ষা উপদেষ্টাকে বিশ্ববিদ্যালয়ের সার্বিক পরিস্থিতি ও বিভিন্ন সমস্যা সম্পর্কে অবহিত করেন। নেতৃবৃন্দ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সংঘটিত সাম্প্রতিক ঘটনার বিচার বিভাগীয় তদন্ত ও দোষী ছাত্রদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবী জানান।

চাকসুর সহ-সভাপতি নাজিম উদ্দিন, সাধারণ সম্পাদক আজিম উদ্দিন আহমেদ, সহ-ক্রীড়া সম্পাদক জনাব মহিউদ্দিন বাদল, ছাত্র ঐক্য পরিষদ নেতা রফিকুল ইসলাম হিলালী, ফকরুল ইসরাম, জসিম উদ্দিন, মাহবুবুর রহমান ও আবদুল হান্নান রতন প্রমুখ উপস্থিত ছিলেন।